



[একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত]

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
কার্যালয়ঃ বাসা নং-৩৪৬/২, টোলাদিয়া রোড(কাঠগোলা বাজার), ময়মনসিংহ।
ফোনঃ ০৯১-৫৩৩৩৪, ০৯১-৫১৮০৭, E-mail : chairmanbisemym@gmail.com,
www.mymensingheducationboard.gov.bd



স্মারক নংঃ ময়শিবো/পনি/মাধ্য/১০/০২/১৯/৫০

তারিখঃ ২৫/০৫/২০২২ খ্রিঃ

বিষয়ঃ ২০২২ সনের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার মূল উত্তরপত্র, অতিরিক্ত উত্তরপত্র, ব্যবহারিক উত্তরপত্র ও অন্যান্য সরঞ্জামাদি কেন্দ্রে সরবরাহ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, ২০২২ সনের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষা পরিচালনার জন্য কেন্দ্রের অনুকূলে বরাদ্দকৃত মূল উত্তরপত্র, অতিরিক্ত উত্তরপত্র, ব্যবহারিক উত্তরপত্র ও MCQ এর OMR সহ অন্যান্য আনুসঙ্গিক সরঞ্জামাদি নিম্নের ছকে লিখিত তারিখ অনুযায়ী বিতরণ করা হবে। নির্ধারিত তারিখ সকাল ১০.০০ টা হতে বিকাল ৩.০০ টার মধ্যে উল্লিখিত সরঞ্জামাদি গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

তারিখ ও দিন	জেলা সমূহ	তারিখ ও দিন	জেলা সমূহ
০১/০৬/২০২২ (বুধবার)	শেরপুর	০৫/০৬/২০২২ (রবিবার)	জামালপুর
০২/০৬/২০২২ (বৃহস্পতিবার)	নেত্রকোণা	০৬/০৬/২০২২ (সোমবার)	ময়মনসিংহ

উল্লিখিত নির্ধারিত তারিখে সরঞ্জামাদি কেন্দ্র সচিব নিজে অথবা তার প্রাধিকারপ্রাপ্ত একজন শিক্ষক (যিনি পরীক্ষা পরিচালনা কমিটির সাথে সংশ্লিষ্ট)- এর মাধ্যমে গ্রহণ করতে হবে। কোন অবস্থাতেই শিক্ষক ব্যতিত অফিস সহকারী অথবা অন্য কাউকে প্রাধিকারপত্র প্রদান করা যাবে না। প্রধান শিক্ষক/অধ্যক্ষ অথবা ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক/অধ্যক্ষের বেলায় সরঞ্জামাদি গ্রহণের আবেদনপত্রে কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার (জেলা পর্যায়ে ডিসি ও উপজেলা পর্যায়ে ইউএনও) প্রতিস্বাক্ষর থাকতে হবে এবং প্রাধিকারপ্রাপ্ত শিক্ষকের বেলায় প্রাধিকার (Authorised) পত্রে কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার (জেলা পর্যায়ে ডিসি ও উপজেলা পর্যায়ে ইউএনও) প্রতিস্বাক্ষর থাকতে হবে।

উল্লেখ্য যে, মালামাল গ্রহণের আবেদনের সাথে ২০২২ এসএসসি কেন্দ্র নবায়ন ফিস জমা দেয়ার সোনালী সেবার রশিদ/অনলাইনে প্রাপ্ত নবায়নপত্র এবং নতুন কেন্দ্রের ক্ষেত্রে অত্র বোর্ড প্রদত্ত কেন্দ্র অনুমোদনপত্র দাখিল করতে হবে। পরীক্ষা শেষে উদ্বৃত্ত অলিখিত উত্তরপত্র ও অব্যাহত প্রশ্নপত্রসহ সকল মালামাল এক সপ্তাহের মধ্যে জমা দিতে হবে।

বি.দ্র: মালামাল গ্রহণের ট্রাকের পাটাতনের জন্য মোটা পলিথিন ও উপরে বৃষ্টি নিরোধক ত্রিপল অবশ্যই থাকতে হবে। অন্যথায় পরীক্ষা সামগ্রী প্রদান করা হবে না।

(মো: সামছুল ইসলাম)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ

ফোনঃ ০২৯৯৭৭১০৪৪২

E-mail: conbisemym@gmail.com

প্রাপক: কেন্দ্র সচিব/প্রধান শিক্ষক

মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি)

পরীক্ষা-২০২২ ময়মনসিংহ শিক্ষা বোর্ডের আওতাধীন সকল পরীক্ষা কেন্দ্র।

স্মারক নংঃ ময়শিবো/পনি/মাধ্য/১০/০২/১৯/৫০

তারিখঃ ২৫/০৫/২০২২ খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১. জেলা প্রশাসক, ময়মনসিংহ শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা।
২. উপজেলা নির্বাহী অফিসার, ময়মনসিংহ শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
৩. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
৪. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
৫. অফিস কপি।

(মোঃ কামাল হোসেন)

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক(মাধ্যমিক)
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,
ময়মনসিংহ।

ফোনঃ ০৯১-৫৩৩৩৫

ই-মেইল: kamalttc@gmail.com